



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
সংস্থাপন শাখা- ০৪  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.১১২.২৩-৭৮৬

তারিখ: ২৩/১০/২০২৩ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল টিচর্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-র অফিস সহায়ক জনাব সাইফুল ইসলাম এর গত ০৮/০৯/২০২২ খ্রি. হতে ৩০/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৮৪ (চুরাশি) দিন এবং ০৮/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ১৮/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত ১৬২ (একশত বাষট্টি) দিনসহ মোট ২৪৬ (দুইশত ছয়চল্লিশ) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। সেই পরিপ্রেক্ষিতে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১১/০৭/২০২৩ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.১১২.২৩-৪১২ নং স্মারক মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অফিস সহায়ক জনাব সাইফুল ইসলাম অভিযোগনামার লিখিত জবাবে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চাওয়ার পরিপ্রেক্ষিতে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তার জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য এ অধিদপ্তরের ২৭/০৮/২০২৩ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.১১২.২৩-৫৯১ নং স্মারক মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ০১/১০/২০২৩ খ্রি. তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। অফিস সহায়ক জনাব সাইফুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন;

সেহেতু, টেকনিক্যাল টিচর্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-র অফিস সহায়ক জনাব সাইফুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগের অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযোগনামার জবাব, তার ব্যক্তিগত শুনানি, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৪(২)(খ) মোতাবেক জনাব সাইফুল ইসলাম এর অনুকূলে ২(দুই) বছরের জন্য “বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” রেখে লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি উক্ত ২(দুই) বছরের বেতন বৃদ্ধি বকেয়া পাবেন না এবং ২(দুই) বছর অতিক্রান্ত হবার পর ৩য় বছর হতে স্বয়ংক্রিয়ভাবে বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন। তাছাড়া, তার অননুমোদিত গত ০৮/০৯/২০২২ খ্রি. হতে ৩০/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৮৪ (চুরাশি) দিন এবং ০৮/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ১৮/০৬/২০২৩ খ্রি. পর্যন্ত ১৬২ (একশত বাষট্টি) দিনসহ মোট ২৪৬ (দুইশত ছয়চল্লিশ) দিন অনুপস্থিতকাল বিনা বেতনে ‘অসাধারণ ছুটি’ হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন  
পরিচালক (পিআইডব্লিউ)

ও

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

তারিখ: ২৩/১০/২০২৩ খ্রি.

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.১১২.২৩-৭৮৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. পরিচালক (প্রশাসন/ পিআইডব্লিউ/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচর্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মচারীকে উল্লিখিত দল্ড আরোপ এবং ২৪৬ (দুইশত ছয়চল্লিশ) দিন অসাধারণ ছুটি তার চাকরিবহিতে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ জানানো হলো)।
৩. চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৪. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়,.....।
৫. সহকারী পরিচালক-১ এবং আয়ন-ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্টদের ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৮. জনাব সাইফুল ইসলাম, অফিস সহায়ক, টেকনিক্যাল টিচর্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
৯. সংরক্ষণ নথি।

(ড. মোহাম্মদ কামরুজ্জামান)  
সহকারী পরিচালক